দৈনিক ইনকিলাব

তারিখ ... FEB 06 2000
পৃষ্ঠা ...১... কলাম ...৭...

৫৭

## চট্টগ্রাম ভার্সিটির ভিসি গুরুতর আহত

বাসস ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান গতকাল (শনিবার) রাতে মারাত্মকভাবে আহত হয়েছেন। চট্টগ্রামের কাজীরদেউরীতে তার বাসার সামনে একটি মোটর সাইকেলের ধাক্কায় তিনি আহত হন।

বিশ্ববিদ্যালয়, হাসপাতাল ও পরিবার সূত্রে জানা গেছে, প্রফেসর মান্নান তার মাহবুব-উল-আলম রোডের বাসভবনের সামনে অপর দিক থেকে আগত একটি দ্রুতগামী মোটর সাইকেলের সামনে পড়ে যান এবং এটি তাকে ধাক্কা দিয়ে সংলগ্ন একটি নর্দমায় ফেলে দেয়। তিনি এ সময় বাসার সামনের পথ ধরে হেঁটে যাচ্ছিলেন।

পথচারীগণ এবং তার বাসভবনে কর্তব্যরত পুলিশ মোটর সাইকেল আরোহীকে আটক করেছে। ভিসিকে হলিক্রিসেন্ট হাসপাতালে ভর্তি করা হয়েছে।

## কৃষি ভার্সিটির ভিসির মৃত্যুতে যে ক্ষতি হল তা সহজে পূরণ হবার নয়

—খালেদা জিয়া

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপার্সন ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়া গতকাল এক বিবৃতিতে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মাদ হোসেনের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। বিবৃতিতে তিনি বলেন, ডঃ মোহাম্মাদ হোসেনের মত একজন যোগ্য শিক্ষাবিদের অকাল মৃত্যুতে দেশের যে অপূরণীয় ক্ষতি হল তা সহজে পূরণ হবার নয়। তিনি মরহুমের রূহের মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

অপর এক বিবৃতিতে বিএনপি'র মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ মোহাম্মাদ হোসেনের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান।